# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## BANGLADESH WATER DEVELOPMENT BOARD

বোর্ড সচিবালয়
পানি ভবন (লেভেল-৭), ৭২ গ্রীনরোড, ঢাকা-১২০৫
ফোন: +৮৮ ০২ ২২২২৩০০৫৩
ই-মেইল: bwdbsecretary@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Board Secretariat
Pani Bhaban (Level-7), 72 Green Road, Dhaka-1205
Phone: +88 02 222230053
E-mail: bwdbsecretary@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.১৮.০৩৩.২৬-২১৪

তারিখ: ১৫ আশ্বিন ১৪৩৩ ব: / ৩০ সেপ্টেম্বর, ২০২৬খ্রি:

পানি সম্পদ মন্ত্রণালয়, প্রশাসন শাখা-২ এর স্মারক নং- ৪২.০০.০০০০.০০০.০৩২.৯৯.০০৭৭.১৯.৫২৯; তারিখঃ ২২ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিঃ; পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ-১ অধিশাখা স্মারক নং- ২২.০০.০০০০.০০০.০৭৫.০৪.০০০১.২২.৪৩৬; তারিখঃ ২১ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিঃ এবং মন্ত্রিপরিষদ বিভাগের সাধারণ অধিশাখা স্মারক নং- ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০১.২৩.৬২৫; তারিখঃ ২৮ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিঃ ও বাংলাদেশ গেজেট নং-২২.০০.০০০০.০৭৪.৯৯.০০২.২৪.২০৪ তারিখ- ২৮ আগস্ট ২০২৬খ্রি: মোতাবেক "বাংলাদেশ সচিবালয়ে নিষিদ্ধ পলিথিনসহ তালিকাভুক্ত সিঙ্গেল ইউজ প্লাস্টিকের ব্যবহার বন্ধে নির্দেশনা প্রদান"সংক্রান্ত পত্রটি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্টমতে পৃষ্ঠাঙ্কন করা হলোঃ-

১। প্রধান প্রকৌশলী /অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), ..................বাপাউবো ..................................।
২। নিয়ন্ত্রক (অহিনি)/প্রধান পানি ব্যবস্থাপনা বাপাউবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক/ প্রকল্প-পরিচালক (সকল)......... বাপাউবো.....................................।
৪। চীফ স্টাফ অফিসার টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিসস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
[বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো]
৬। নির্বাহী প্রকৌশলী/ উপ-পরিচালক/ উপপ্রধান (সকল) ........................ বাপাউবো ..........................।
৭। উপ-পরিচালক (অহিনি)/ সিনিয়র সহকারী পরিচালক(অহিনি)/ সহকারী পরিচালক (অহিনি), আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক) (সকল).............................................বাপাউবো।
৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা, নকশা ও গবেষণা) বাপাউবো, ঢাকা।
৯। অফিস কপি/মাস্টার কপি।

৩০/৯/২৬
মুঃ নূরুল আমীন
উপপরিচালক (বোর্ড)

ডায়েরী নং ১৪২০
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব করণিক
অফিস সহঃ কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক

তারিখ ১/১০/২৬
জরুরী/অতি জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
আলোচনা করুন
নথিতে রাখুন

সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

**স্মারক নম্বর:** ৪২.০০.০০০০.০০০.০৩২.৯৯.০০৭৭.১৯.৫২৯

তারিখ: ৭ আশ্বিন ১৪৩৩
২২ সেপ্টেম্বর ২০২৬

**বিষয়: বাংলাদেশ সচিবালয়ে নিষিদ্ধ পলিথিনসহ তালিকাভুক্ত সিঙ্গেল ইউজ প্লাস্টিকের ব্যবহার বন্ধে নির্দেশনা প্রদান।**

সূত্র: পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের স্মারক নং-২২.০০.০০০০.০৭৪.৯৯.০০২.২৪.২০৪; তারিখ: ২১ সেপ্টেম্বর ২০২৬

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। পত্রের মর্মানুসারে বাংলাদেশ সচিবালয়ে নিষিদ্ধ পলিথিনসহ সিঙ্গেল ইউজ প্লাস্টিক ব্যবহার বন্ধ ও বিকল্প পণ্য সামগ্রী ব্যবহারে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তিসমূহঃ**

(১) পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের পত্র
(২) SUP Banned Forwarding Letter Cabinet Division
(৩) সিঙ্গেল ইউজ প্লাস্টিক তালিকা

২২-০৯-২০২৬
মুহাম্মদ মাজহারুল ইসলাম চৌধুরী
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৫৫১০০৭০১
ইমেইল : admin2@mowr.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রথম শ্রেণির কর্মকর্তা (সকল), পানি সম্পদ মন্ত্রণালয়।
২। দপ্তর/সংস্থা (সকল), পানি সম্পদ মন্ত্রণালয়।।
৩। ২য় শ্রেনির কর্মকর্তা (সকল), পানি সম্পদ মন্ত্রণালয়।
৪। ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী (সকল), পানি সম্পদ মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ৪২.০০.০০০০.০০০.০৩২.৯৯.০০৭৭.১৯.৫২৯/১ (৪)

তারিখ: ৭ আশ্বিন ১৪৩৩
২২ সেপ্টেম্বর ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।
৩। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
৪। অফিস কপি।

২২-০৯-২০২৬
মুহাম্মদ মাজহারুল ইসলাম চৌধুরী
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ -১ অধিশাখা
www.moefcc.gov.bd

**স্মারক নম্বর:** ২২.০০.০০০০.০০০.০৭৫.০৪.০০০১.২২.৪৩৬

তারিখ: ৬ আশ্বিন ১৪৩৩
২১ সেপ্টেম্বর ২০২৬

**বিষয়: বাংলাদেশ সচিবালয়ে নিষিদ্ধ পলিথিনসহ তালিকাভুক্ত সিঙ্গেল ইউজ প্লাস্টিকের ব্যবহার বন্ধে নির্দেশনা প্রদান।**

সূত্র: ১। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের স্মারক নং ২২.০০.০০০০.০৭৪.৯৯.০০২.২৪.২০৪, তারিখ: ২৮ আগষ্ট ২০২৪;
২। মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০১.২৩.৬২৫, তারিখ: ২৮ সেপ্টেম্বর ২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্লাস্টিকের ব্যাপক ব্যবহারজনিত সৃষ্ট দূষণ বিশেষতঃ সিঙ্গেল ইউজ প্লাস্টিক সামগ্রী হতে সৃষ্ট দূষণ পরিবেশ ও জনস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি হিসেবে বিরাজ করছে। এ প্রেক্ষাপটে সিঙ্গেল ইউজ প্লাস্টিক ব্যবহার ক্রমান্বয়ে বন্ধ করার (Phase out) লক্ষ্যে 'কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১' এর বিধি-৯ এর আলোকে ১৭টি প্লাস্টিক পণ্যকে সিঙ্গেল ইউজ প্লাস্টিক ঘোষণাপূর্বক এর তালিকা প্রজ্ঞাপন আকারে ২৮ আগস্ট ২০২৪ তারিখ জারি করা হয় (সংযুক্তি-১)।

২। পরবর্তীতে বাংলাদেশ সচিবালয়ে নিষিদ্ধ পলিথিনসহ সিঙ্গেল ইউজ প্লাস্টিক (এসইউপি) এর ব্যবহার বন্ধ করার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগসহ সকল মন্ত্রণালয় ও বিভাগের সাথে আলোচনাক্রমে মন্ত্রিপরিষদ বিভাগ হতে ২৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখ নিম্নবর্ণিত নির্দেশনা জারী করা হয় (সংযুক্তি-২):

ক) ২ অক্টোবর ২০২৫ হতে বাংলাদেশ সচিবালয়ে তালিকাভুক্ত সিঙ্গেল ইউজ প্লাস্টিক ব্যবহার বন্ধ করা;
খ) সভা-সেমিনারে প্লাস্টিকের বোতল, কাপ, প্লেট, চামচসহ একবার ব্যবহার্য পণ্য সামগ্রী ব্যবহার বন্ধ করা এবং পুনঃব্যবহারযোগ্য সামগ্রীর ব্যবহার বৃদ্ধি করা;
গ) পাটজাত ব্যাগ, কাপড়ের ব্যাগ বা পুনঃব্যবহারযোগ্য ব্যাগের ব্যবহার বৃদ্ধি করা;
ঘ) সরকারি ক্রয় ও অফিস সরবরাহে প্লাস্টিক পণ্যের বিকল্প চিহ্নিত করে কার্যাদেশ দেওয়া;
ঙ) সভা, অনুষ্ঠান বা দৈনন্দিন অফিসে সিঙ্গেল ইউজ প্লাস্টিকের ব্যবহার বন্ধে কর্মকর্তা-কর্মচারীদের জন্য নির্দেশনা জারি করা;
চ) বিভিন্ন সভা/সেমিনারে কাগজ/পরিবেশবান্ধব খাবারের প্যাকেট সরবরাহ নিশ্চিত করা;
ছ) সকল কর্মকর্তা/কর্মচারীদের এসইউপি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা এবং অফিসে ব্যবহারের জন্য বিকল্প সামগ্রী সরবরাহ করা;
জ) প্রতিটি মন্ত্রণালয়/বিভাগে একজন ফোকাল পার্সন নিয়োগ ও মনিটরিং কমিটি গঠন করা।

৩। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার পরিপ্রেক্ষিতে নিষিদ্ধ পলিথিনসহ তালিকাভুক্ত সিঙ্গেল ইউজ প্লাস্টিক ব্যবহার বন্ধ করার জন্য প্রতিটি মন্ত্রণালয়/বিভাগে একজন ফোকাল পার্সন নিয়োগ ও মনিটরিং কমিটি গঠন করা হয়। সকল কর্মকর্তা/কর্মচারীদের এসইউপি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা এবং অফিসে ব্যবহারের জন্য বিকল্প সামগ্রী সরবরাহ করার নির্দেশনা জারী করা হয় ।

০৪। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা গেছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার পরও বাংলাদেশ সচিবালয়ে অবস্থিত কিছু কিছু মন্ত্রণালয়/বিভাগে নিষিদ্ধ পলিথিন ব্যাগসহ সিঙ্গেল ইউজ প্লাস্টিক সামগ্রী ব্যবহারের প্রবণতা কমলেও একবারে বন্ধ হয়নি বা কোথাও কোথাও ব্যবহারের প্রবণতা বৃদ্ধি পেয়েছে।

০৫। বর্ণিতাবস্থায়, বাংলাদেশ সচিবালয়ে নিষিদ্ধ পলিথিনসহ সিঙ্গেল ইউজ প্লাস্টিক ব্যবহার বন্ধ ও বিকল্প পণ্য সামগ্রী ব্যবহারে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনাসমূহ প্রতিপালনে মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারীগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণানামতে।

**সংযুক্তিসমূহঃ**
(১) SUP Banned Forwarding Letter Cabinet Division
(২) সিঙ্গেল ইউজ প্লাস্টিক তালিকা

২১-০৯-২০২৬
সিদ্ধার্থ শংকর কুন্ডু
উপসচিব
ইমেইল : envpc1@moefcc.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)।

**স্মারক নম্বর:** ২২.০০.০০০০.০০০.০৭৫.০৪.০০০১.২২.৪৩৬/১(১১)

তারিখ: ৬ আশ্বিন ১৪৩৩
২১ সেপ্টেম্বর ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। অতিরিক্ত সচিব, পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ অনুবিভাগ, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৪। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, পরিবেশ অধিদপ্তর।
৫। যুগ্মসচিব, পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ অধিশাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৬। যুগ্মসচিব, প্রশাসন, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৭। মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-৩ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
১১। সিস্টেম এনালিস্ট , আইসিটি শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

২১-০৯-২০২৬
সিদ্ধার্থ শংকর কুন্ডু
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০১.২৩.৬২৫

তারিখ: ১৩ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২৮ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: আগামী ২ অক্টোবর ২০২৫ হতে বাংলাদেশ সচিবালয়ে তালিকাভুক্ত সিঙ্গেল ইউজ প্লাস্টিকসহ নিষিদ্ধ পলিথিনের ব্যবহার বন্ধ।**

সূত্র: পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ২২ সেপ্টেম্বর ২০২৫ তারিখের ২২.০০.০০০০.০৭৫.৯৯.০০৪.২৩.৩১০ সংখ্যক স্মারক।

প্লাস্টিকের ব্যাপক ব্যবহারজনিত সৃষ্ট দূষণ বিশেষতঃ সিঙ্গেল ইউজ প্লাস্টিক সামগ্রী হতে সৃষ্ট দূষণ পরিবেশ ও জনস্বাস্থের জন্য মারাত্মাক হুমকি হিসেবে বিরাজ করছে। বাংলাদেশ সচিবালয়কে সিঙ্গেল ইউজ প্লাস্টিক (এসইউপি) মুক্ত করার লক্ষ্যে আগামী ২ অক্টোবর ২০২৫ থেকে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় হতে নিম্নবর্ণিত সুপারিশসমূহ বাস্তবায়নের অনুরাধ করা হয়েছে (কপি সংযুক্ত):

ক) আগামী ২ অক্টোবর ২০২৫ হতে বাংলাদেশ সচিবালয়ে তালিকাভুক্ত সিঙ্গেল ইউজ প্লাস্টিক ব্যবহার বন্ধ করা;
খ) সভা-সেমিনারে প্লাস্টিকের বোতল, কাপ, প্লেট, চামচসহ একবার ব্যবহার্য পণ্য সামগ্রী ব্যবহার বন্ধ করা এবং পুনঃব্যবহারযোগ্য সামগ্রীর ব্যবহার বৃদ্ধি করা;
গ) পাটজাত ব্যাগ, কাপড়েরর ব্যাগ বা পুনঃব্যবহারযোগ্য ব্যাগের ব্যবহার বৃদ্ধি করা;
ঘ) সরকারি ক্রয় ও অফিস সরবরাহে প্লাস্টিক পণ্যের বিকল্প চিহ্নিত করে কার্যাদেশ দেওয়া;
ঙ) সভা, অনুষ্ঠান বা দৈনন্দিন অফিসে সিঙ্গেল ইউজ প্লাস্টিকের ব্যবহার বন্ধে কর্মকর্তা-কর্মচারীদের জন্য নির্দেশনা জারি করা;
চ) বিভিন্ন সভা/সেমিনারে কাগজ/পরিবেশবান্ধব খাবারের প্যাকেট সরবরাহ নিশ্চিত করা;
ছ) সকল কর্মকর্তা/কর্মচারীদের এসইউপি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা এবং অফিসে ব্যবহারের জন্য বিকল্প সামগ্রী সরবরাহ করা;
জ) প্রতিটি মন্ত্রণালয়/বিভাগে একজন ফোকাল পারর্সন নিয়োগ ও মনিটরিং কিমিটি গঠন করা।

২। এমতাবস্থায়, আগামী ২ অক্টোবর ২০২৫ হতে বাংলাদেশ সচিবালয়কে সিঙ্গেল ইউজ প্লাস্টিক মুক্তকরণ ও সিঙ্গেল ইউজ প্লাস্টিক ব্যবহার বন্ধে যথাযথ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য তাঁর মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের পত্র

২৮-০৯-২০২৫
তানিয়া আফরোজ
উপসচিব
২২৬৬৪১০৪৮
general_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)।

১৩ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ২৮ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০১.২৩.৬২৫/১ (২)

অনুলিপি:

১। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

২। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ।

২৮-০৯-২০২৫
তানিয়া আফরোজ
উপসচিব

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ৫, ২০২৪

[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**
**পরিবেশ-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ ভাদ্র ১৪৩১/২৮ আগস্ট ২০২৪

নং ২২.০০.০০০০.০৭৪ ৯৯.০০২.২৪ ২০৪।—দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং দ্রুত নগরায়ণের ফলে প্লাস্টিক দূষণ, বিশেষ করে সিঙ্গেল ইউজ প্লাস্টিক সামগ্রী হইতে সৃষ্ট দূষণ মারাত্মক আকার ধারণ করিয়াছে। পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ এবং পরিবেশ, প্রতিবেশ ও জীববৈচিত্র্য রক্ষায় সরকারের গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নে সিঙ্গেল ইউজ প্লাস্টিক ব্যবহার বন্ধ করিবার (Phase out) লক্ষ্যে 'কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১' এর বিধি ৯। ব্যাখ্যা-/১৭ এর আলোকে সরকার নিম্নোক্ত তালিকাভুক্ত বস্তু/সামগ্রী/পদার্থকে 'সিঙ্গেল ইউজ প্লাস্টিক' হিসেবে নির্ধারণ করিল:

| | |
|---|---|
| ১ | স্ট্র (Straw) |
| ২ | স্টারার (Stirrer) |
| ৩ | একবার ব্যবহারযোগ্য তৈজসপত্র/কার্টলারি<br>(One-time utensils/cutlery (*e. g.* cups, plates, trays, spoon, fork, etc.) |
| ৪ | বেলুন, আইসক্রিম বা ললিপপের সাথে ব্যবহৃত প্লাস্টিকের কাঠি/লাঠি<br>(Plastic sticks *e. g.* balloon sticks, ice-cream/lollypop sticks) |
| ৫ | প্লাস্টিক ব্যানার<br>(Plastic banner) |
| ৬ | পোস্টারের প্লাস্টিক মোড়ক<br>(Plastic covers on any poster) |

| | |
|---|---|
| ৭ | বিভিন্ন পণ্যের একবার ব্যবহারযোগ্য প্লাস্টিকের মিনি প্যাকেট/সৌখিন ধারক<br>(Sachets, Pouches) |
| ৮ | চকলেট এবং ললিপপের প্লাস্টিক মোড়ক<br>(Lollipop covers, Chocolate covers, etc.) |
| ৯ | স্টাইরোফোমের খাবার মোড়ক/ধারক<br>(Styrofoam food packaging e. g. biryani packet, etc.) |
| ১০ | পাতলা প্লাস্টিকের আবরণযুক্ত ফাস্ট ফুডের মোড়ক<br>(Thin Plastic films on fast food packaging) |
| ১১ | প্লাস্টিকের দাওয়াত কার্ড, দাওয়াত কার্ড এবং প্রচারণা সামগ্রীর উপর ব্যবহৃত থার্মাল ল্যামিনেশন<br>(Plastic invitation card, thermal lamination on invitation card/advertising products) |
| ১২ | পাতলা প্লাস্টিক আবরণযুক্ত সিগারেটের প্যাকেট/টিস্যু পেপার/টয়লেট রোল/সাবানের মোড়ক<br>(Thin plastic cover of cigarette pack/tissue paper/toilet roll/soap) |
| ১৩ | পলিইথাইলিন এবং পলিপ্রপাইলিন বা মিশ্রণ দ্বারা তৈরি কোনো শপিং ব্যাগ/ঠোঙ্গা/ধারক<br>(Shopping bag/carry bag manufactured from Polyethylene or Polypropylene or mix) |
| ১৪ | মেলামাইন ফোম স্পঞ্জ<br>(Melamine foam sponges-Used for household cleaning) |
| ১৫ | যে কোনো পণ্যের একবার ব্যবহারযোগ্য প্লাস্টিকের প্যাকেজিং<br>(Single use plastic packaging of any products) |
| ১৬ | সিগারেট ফিল্টার<br>(Cigarette filter) |
| ১৭ | প্লাস্টিকের বোতল এবং ক্যাপ<br>(Plastic bottles, Caps) |

২। সরকার উক্ত তালিকা সময়ে সময়ে সংশোধন বা পরিবর্তন করিতে পারিবে।

৩। এতৎসংক্রান্ত এ মন্ত্রণালয়ের গত ৩০ জুন ২০২৪ তারিখে ২২.০০.০০০০.০৭৪. ৯৯. ০০২.২৪-১৬২ নম্বর স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন বাতিল করা হইল।

৪। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ ফয়সাল আবেদীন খান**
উপসচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd